

P.G. Semester-IV Examination, 2023**MUSIC****(Rabindra Sangeet)****Course ID : 40551 Course Code : PG/MUS-RS/401C****Course Title : Tagores Musical Philosophy as Expressed
in Essays, Poems & Songs****Time : 2 Hours****Full Marks : 40**

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

A. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: 10×3=30

1. “কোথা ওরে, কোথা গেল হাঁসখালি”— কোন্ কবিতার অংশ? কে, কাকে এই কথা বলেছে? কবিতার সারমর্মটি লেখ।
2. “তাকে গাইয়ে বলে বর্ণনা করলে খাটো করা হয়” — এখানে কোন্ প্রবন্ধে কার কথা বলা হয়েছে? কেন তাকে খাটো করার বিপক্ষে কবি এই কথা বলেছেন?
3. “যে আছে অপেক্ষা করে, তার পরনে ঢাকাই শাড়ি, কপালে সিঁদূর”
কোন কাব্য থেকে নেওয়া হয়েছে? এই কাব্য কবি কাকে উৎসর্গ করেন, তার সম্বন্ধে যা জান লেখ। এখানে কার অপেক্ষার কথা বলা হয়েছে ও কেন?
4. ‘সঙ্গীতের উৎপত্তি ও উপযোগিতা’ প্রবন্ধে কবি হার্বার্ট স্পেনসারের যে মত ব্যাখ্যা করেছেন তা লেখ।

5. ‘জগতে আমাদের বিজন সভা, কেবল তুমি আর আমি’ — কোন্ কাব্যের কোন্ কবিতার অংশ? তুমি ও আমি এখানে কে কে? কেন তারা বিজনসভার আয়োজন করতে চান?
6. ‘শিক্ষা ও সংস্কৃতিতে সঙ্গীতের স্থান’ প্রবন্ধে কবি শিক্ষা ও সঙ্গীতকে কিভাবে দেখেছেন ব্যাখ্যা কর।

B. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: 5×2=10

1. ‘সানাই’ কাব্য কখন প্রকাশ পায়? ‘সানাই’ কবিতার সারমর্মটি লেখ।
2. “দাঁড়িয়ে আছ তুমি আমার গানের ওপারে” — স্বরবিতান সংখ্যা, স্বরলিপিকার, প্রকাশকাল ও গানের অন্তর্নিহিত অর্থটি লেখ।
3. ‘আমি’ কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত? কবি কাকে এটি উৎসর্গ করেন? কবিতাটির অর্থ লেখ।
4. “শ্রাবণসন্ধ্যা” রচনাটি কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? এই প্রবন্ধে কবি কোথায় রচনা করেন? প্রকৃতির সঙ্গে মানুষের সম্বন্ধ কবি এখানে কিভাবে ব্যক্ত করেন?
